

ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণ

13 জানুয়ারি, 2025

13 জানুয়ারি, 2025 তারিখ, সময় 2:00 PM-এ ভারতে অবস্থিত বাংলাদেশের কার্যনির্বাহী হাই কমিশনার, শ্রীমান মহম্মদ নুরাল ইসলাম-কে সাউথ ব্লকে বিদেশ মন্ত্রকের দপ্তরে ডেকে পাঠানো হয়।

2. তাকে জানানো হয় যে, সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণ-সহ সীমান্ত নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে উভয় সরকার এবং বর্ডার সিকিউরিটি ফোর্স ও বর্ডার গার্ড বাংলাদেশের মধ্যে স্বাক্ষরিত সমস্ত প্রোটোকল ও চুক্তি ভারত আক্ষরিক ভাবে পালন করছে।

3. আন্তঃসীমান্ত অপরাধমূলক কার্যকলাপ, স্মাগলিং, অপরাধীদের চলাফেরা এবং ট্র্যাফিকিং-এর মতো চ্যালেঞ্জগুলি ভারত কার্যকর ভাবে মোকাবিলা করে অপরাধ-মুক্ত সীমান্ত নিশ্চিত করার প্রতিশ্রুতিবদ্ধতা প্রমাণ করেছে। কাঁটাতারের বেড়া, সীমান্তে পর্যাপ্ত আলোর ব্যবস্থা, আধুনিক প্রযুক্তির সরঞ্জাম বসানো এবং গবাদি পশুর জন্য বেড়া নির্মাণের মতো পদক্ষেপ সীমান্তের নিরাপত্তা বৃদ্ধি করবে বলে আশা করা হচ্ছে।

4. ভারত তার প্রত্যাশা সম্পর্কে জানিয়ে বলেছে, যে পূর্বের বোঝাপড়াগুলি এবার বাংলাদেশকে বাস্তবায়িত করতে হবে এবং আন্তঃসীমান্ত অপরাধের বিরুদ্ধে লড়াই করার জন্য পারস্পরিক বোঝাপড়ার পদ্ধতি অবলম্বন করতে হবে।

নিউ দিল্লি

13 জানুয়ারি, 2025